

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

গুলশান শাখা, কনকর্ড আই. কে. টাওয়ার, (১ম তলা, ইষ্ট ব্লক) প্লট নং সিইএন(এ)-২, নর্থ এভিনিউ, গুলশান- ২, ঢাকা-১২১২

### বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, গুলশান শাখা, ঢাকা এর ঋণ গ্রহীতা : মেসার্স নিউ ইউ.এস.বাংলা রেস্টুরেন্ট, প্রোপাইটর : জনাব মোঃ মামুন পারভেজ, পিতা- মৃত আব্দুল আজিজ মাতবর, মাতা- রাজিয়া বেগম, স্থায়ী ঠিকানা- গ্রাম- আজ্জ দত্ত পাড়া, ডাকঘর- দত্ত পাড়া, উপজেলা- শিবচর, জেলা- মাদারী পুর, বর্তমান ঠিকানা- ৯৬/ক, প্রগতি সরনী, কুড়িল বিশ্ব রোড, ভাটারা, ঢাকা- ১২২৯ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬/১২/২০১৬ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৯,৯০,৯৪৫.৫৩ (নয় লক্ষ নব্বই হাজার নয়শত পঁয়তাল্লিশ টাকা ত্রিশান্ন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাজ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ০৯/০২/২০১৭ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, গুলশান শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনেই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ২০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউসিবি, গুলশান শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য [www.ucb.com.bd](http://www.ucb.com.bd) ওয়েবসাইটে পাওয়া যাইবে।

#### বন্ধকী সম্পত্তি তফসিল

All that piece and parcel of land measuring 5.775 decimal vacant high land, situated at within District-Gazipur, Police Station- Gazipur Sadar & Sub –Registry Office: Gazipur Sadar bearing J L nos . C.S. & S.A-65, R.S-74 under Mouza-Bhararul, pertaining to Khatian Nos. C.S-387 & 398; S.A-535 & 550; R.S-125 & 121 corresponding Dag No. C.S & S.A-538, 525; R.S-513 & 512 R.S Mutation Khatian No-125 & 121/Kat, Jot No-1469

#### নিলামের শর্তাবলী

- ১) আগামী ০৯/০২/২০১৭ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনেই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃতদর এর ২০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ গুলশান শাখা, এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা/ইউনিয়ন পরিষদ, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ছমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, দখল, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা